

মি. অস  
৪/৩  
৩০

## ত্রিশাল ভার্শিটিতে নিয়োগে অনিয়মের অভিযোগ

ত্রিশাল (ময়মনসিংহ) উপজেলা সরকারী

ময়মনসিংহের ত্রিশালে কবি মজরুল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পদে লোক নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। জানা যায়, গত ৮ তারিখে অনুষ্ঠিত উপসহকারী প্রকৌশলী পদে লোক নিয়োগে চরম দুর্নীতি করা হচ্ছে। উপ-সহকারী প্রকৌশলী পদে যারা বিভিন্ন বিভাগে রয়েছে তাদের বলা হয়, ইলেকট্রিক্যাল বিভাগের লোক নেয়া হবে এবং ইলেকট্রিক্যাল বিভাগের লোক পরীক্ষা দিতে গেলে তাদের বলা হয়, সিভিল লোক নেয়া হবে- এই বলে তাদের পরীক্ষা না নিয়ে বিদায় দেন। কৃষ্ণ পরীক্ষার্থীগণ ত্রিশাল হোস ক্লাব বরাবর

অভিযোগ দেয় এবং সেখানে জানায়, আমাদের কোন পরীক্ষার কার্ড দিয়ে পরীক্ষা নেয়া হলো না তা আমরা জানতে চাই। তারা বলেন, নিয়োগ পেতে রাজনৈতিক ব্যক্তিদের ইশারায় যোগ্য লোককে বাদ দিয়ে যেটা অফিসের উৎসাহের বিনিময়ে নিজস্ব লোক নিয়োগ দিচ্ছে। তাছাড়া গত ০৯-০২-০৭ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার তারিখ শিথিলে দিলেও তা বিভিন্ন প্রচার মাধ্যমে না জানিয়ে দেয়ায় দূর-দুরান্তের ছাত্রদের অনেক ভোগান্তির শিকার হতে হয়েছে। এ ব্যাপারে ত্রিশাল হোস ক্লাব সেক্রেটারি খুরশিদুল আলম মঞ্জিল জানান, ভর্তি পরীক্ষার তারিখের ব্যাপারে আমাদের কোন রকম অবহিত না করার কারণে ছাত্র-ছাত্রীরা এই ভোগান্তির শিকার হয়েছে।